The New Age



Pro-vice-chancellor of Independent University, Bangladesh Professor Daniel W Lund pays a courtesy call on Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan at the latter's office at DU on Thursday. — Press release

# IUB pro-VC pays courtesy call on DU VC

**Staff Correspondent**

PRO-VICE-chancellor of Independent University, Bangladesh Professor Daniel W Lund paid a courtesy call on Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan at the latter's office at the DU on Thursday.

During the meeting, they exchanged views regarding various issues, including the possibilities of strengthening academic collaboration among public and private universities to produce skilled human resources in Bangladesh, said a press release.

Professor Niaz Ahmed Khan stressed the need for undertaking joint collaborative academic and research programmes between Dhaka University and Independent University and working together for betterment of the society.

আলোকিত বাংলাদেশ

# ঢাবি উপাচার্যের সঙ্গে আইইউবি প্রো-ভাইস চ্যান্সেলরের সাক্ষাৎ



**আলোকিত ডেস্ক :** ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)-এর প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড্যানিয়েল ডব্লিউ লুন্ড গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে তারা বাংলাদেশে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক সহযোগিতা জোরদার করা সহ বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণ এবং সমাজের উন্নয়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, দেশে উচ্চশিক্ষার মানোন্নয়নে আমাদের নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে এবং শিক্ষার্থীদের মাঝে তা ছড়িয়ে দিতে হবে। সূত্রঃ সংবাদ বিজ্ঞপ্তি

নয়া দিগন্ত



# ঢাবিতে সৈয়দ আবদুল আজিজ-আখতারুন্ নাহার ট্রাস্ট ফান্ড গঠন

মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল ছাত্রীদের উচ্চশিক্ষায় সহায়তা দিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) 'সৈয়দ আবদুল আজিজ ও আখতারুন্ নাহার ট্রাস্ট ফান্ড' গঠন করা হয়েছে। মা-বাবার স্মৃতি রক্ষার্থে ট্রাস্ট ফান্ড গঠনের জন্য পরিবারের পক্ষে ড. সৈয়দা জাকিয়া হোসেন গতকাল বৃহস্পতিবার ১০ লাখ টাকার চেক ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের কাছে হস্তান্তর করেন। ভিসির অফিস-সংলগ্ন সভাকক্ষে চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান, সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. ফাতেমা রেজিনা ইকবাল, সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ এবং সৈয়দ আবদুল্লাহ আল মুতিসহ দাতা পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, এই ট্রাস্ট ফান্ড শুধু বৃত্তি প্রদানের একটি উদ্যোগ নয়; এটি বিশ্ববিদ্যালয় ও সমাজের মধ্যে ইতিবাচক সম্পর্ক ও মূল্যবোধ গড়ে তোলার একটি কার্যকর মাধ্যম। তিনি বলেন, সমাজের সাথে টেকসই সম্পর্ক গড়ে উঠলে শিক্ষা ও মানবিক উন্নয়নে তার প্রতিফলন ঘটে। এই তহবিল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের আন্ডারগ্র্যাজুয়েট প্রথম বর্ষ এবং ঢাকা মেডিক্যাল কলেজের এমবিবিএস প্রথম বর্ষে অধ্যয়নরত মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল ছাত্রীদের এককালীন বা মাসিক বৃত্তি প্রদান করা হবে। বিজ্ঞপ্তি।